



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংলা নং-৩২৫
ঢাকা, বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৮

১৭-১২-১৪১৫ বঙ্গাব্দ
৩১-০৩-২০০৯ খ্রিঃ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

২২ জানুয়ারী/২০০৯ এ অনুষ্ঠিত উপজেলা নির্বাচনে স্থগিত
ঘোষিত আসনের নির্বাচন উপলক্ষ্যে ব্যাংক বন্ধ প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্তক্রমে ইতোপূর্বে স্থগিত ঘোষিত ৬(ছয়)টি উপজেলা পরিষদ এলাকায় যথা-বেলকুচি (সিরাজগঞ্জ), রামগঞ্জ (লক্ষীপুর), বরুড়া (কুমিল্লা), ব্রাহ্মণবাড়ীয়া সদর, উখিয়া (কক্সবাজার) এবং দিঘীনালা (খাগড়াছড়ি) আসনের নির্বাচনে উক্ত নির্বাচনী এলাকাধীন (৬টি সিটি কর্পোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ডের অধীন এলাকা এবং তেজগাঁও সার্কেলের অধীন ইউনিয়নসমূহের এলাকা ব্যতীত) সব তফসিলী ব্যাংক ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে ৬ এপ্রিল, ২০০৯/২৩ চৈত্র, ১৪১৫ সোমবার বন্ধ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫০৪৩৭